আজকের কাগজ

তারিখ 17 SEP 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

# আজ মহান শিক্ষা দিবস

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ আজ মহান শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে এদেশের ছাত্রজনতা শিক্ষা সংকোচনের নীল নকশার অংশ হিসেবে প্রণীত কুখ্যাত শরীফ কমিশনের শিক্ষানীতি সংক্রান্ত প্রতিবেদন বাতিলসহ ২১ দফা দাবিতে এক ঐতিহাসিক আন্দোলন অবতীর্ণ হয়। কিন্তু সমাজের ন্যায়সঙ্গত আন্দোলনের কোনো তোয়াক্কা না করে পাকিস্তানি শাসকগোষ্ঠী বেছে নেয় দমন ও নির্যাতনের পথ। স্বৈরশাসক আইয়ুবের পুলিশ ঢাকার রাজপথে শান্তিপূর্ণ ছাত্র মিছিলে গুলি চালিয়ে হত্যা করে বাবুল, ওয়াজিউল্লা ও গোলাম মোস্তফাকে। পুলিশের এ বর্বরোচিত হামলায় আহত হয় শত শত ছাত্রজনতা। সেই থেকে এদেশের ছাত্র সমাজের প্রতিটি অধিকার প্রতিষ্ঠায় সংগ্রামে ১৭ সেপ্টেম্বরের শহীদের রক্ত অনুপ্রেরণা যুগিয়ে আসছে ছাত্র সমাজ শ্রদ্ধাবনত চিত্রে স্মরণ করছে সেই সব শহীদদের যারা শিক্ষার অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে জীবন দিয়েছে। সেদিন থেকে ১৭ সেপ্টেম্বর সারাদেশের ছাত্র সমাজ শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে। এবারও যথাযোগ্য মর্যাদার সঙ্গে মহান শিক্ষা দিবস পালিত হবে।

এ উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। বাংলাদেশ ছাত্র ইউনিয়ন দিবসটি রাষ্ট্রীয়ভাবে পালন এবং তাদের প্রস্তাবনার আলোকে শিক্ষানীতি প্রণয়নের দাবিতে আজ সকালে সচিবালয় ঘেরাও করবে। সংগঠনের নেতারা দিবসটি উপলক্ষে বলেছেন, স্বাধীনতার পূর্বে এবং পরে কোনো সরকারই ছাত্র সমাজের দীর্ঘদিনের দাবির প্রতি কর্ণপাত করেনি। নেতারা ছাত্র সমাজকে দেয় প্রতিশ্রুতি অবিলম্বে পূরণের জন্যে সরকারের প্রতি আহ্বান জানান।

অন্যদিকে সবার জন্যে অভিন্ন বিজ্ঞানভিত্তিক শিক্ষার দাবিতে বাংলাদেশ ছাত্র ফেডারেশন ঢাকা মহানগর শাখা আজ সকল সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করছে।

ছাত্র ইউনিয়ন ও ছাত্র ফেডারেশন উভয়ের মিছিল দুটি সকালে মধুর ক্যান্টিন থেকে শুরু হবে।